

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৬

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ৫০. যে ব্যক্তি অভাবীকে (ঋণ পরিশোধে) অবকাশ প্রদাণ করে, তার (মর্যাদা) সম্পর্কে

باب فِيمَنْ أَنْظَرَ مُعْسِرًا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا زَائِدَةُ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ رِبْعِيِّ عَنْ أَبِي الْيَسَرِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ أَنْظَرَ مُعْسِرًا أَوْ وَضَعَ عَنْهُ أَظَلَهُ اللَّهُ فِي ظَلِّهِ يَوْمَ لَا ظِلَّ إِلَّا ظِلُّهُ قَالَ فَبَزَقَ فِي صَحِيفَتِهِ فَقَالَ اذْهَبْ فَهِيَ لَكَ لِغَرِيمِهِ وَذَكَرَ أَنَّهُ كَانَ مُعْسِرًا

বাংলা

২৬২৬. আবীল ইয়াসার রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: "যে লোক কোন অভাবগ্রস্ত মানুষকে (ঋণ পরিশোধের ক্ষেত্রে) অবকাশ দেয় অথবা মাফ করে দেয়, আল্লাহ তাআলা তাকে তাঁর স্বীয় ছায়ার নীচে আশ্রয় প্রদান করবেন সেই দিনে, যেদিন তাঁর ছায়া ছাড়া আর কোনো ছায়া থাকবে না। তিনি বলেন, এরপর তিনি ঋণপত্রটিতে থুথু নিক্ষেপ করে বললেন, যাও, ওটা তোমার।' তথা তার ঋণগ্রস্ততার জন্য। আর তিনি উল্লেখ করলেন যে, তিনি ছিলেন অভাবী বা দরিদ্র লোক।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, যুহদ ৩০০৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫০৪৪ তে।

সংযোজনী: ইবনু আবী শাইবা ৬/১১ নং ২২১১, ২২১২, ৭/২৫২ নং ৩০৬৩; আব্দ ইবনু হুমাইদ নং ৩৭৮; দাওলাবী, আল কুন্নী ১/৬২; বাগাবী, শারহুস সুন্নাহ নং ২১৪২।



আর এর অনেকগুলি শাহিদ রয়েছে, যা আপনি পাবেন আমাদের তাষ্ক্রীক্তৃত মাজমাউয যাওয়াইদ নং ৬৭৫৩ থেকে ৬৭৬৬ পর্যন্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবুল ইয়াসার (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন